



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
Website: www.blcollege.edu.bd



ফোন: +৮৮-০২৪৭৭৭০২৯৪৪
মোবাইল: +৮৮-০১৩৩৪৯৩৬৮০০
e-mail: info@blcollege.edu.bd

তারিখ: ২৮ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। কলেজ কোড-0322,

২। মাস্টার্স শেষপর্ব ভর্তির অনুমোদিত বিষয়সমূহঃ

- (ক) এমএ : Bangla, English, History, Islamic Studies, Islamic History & Culture, Philosophy
(খ) এমএসএস : Political Science, Sociology, Economics, Social Work
(গ) এমবিএ : Accounting, Management, Marketing, Finance
(ঘ) এম এসসি : Physics, Chemistry, Mathematics, Botany, Zoology, Geography, Statistics, Psychology

৩। Online এ আবেদন ফরম পাওয়া যাবে: <http://ap.nu.edu.bd/nu-web/msapplication/msApplicationForm>
ওয়েব সাইটে ১৪/১০/২০২৬ হতে ১৫/১১/২০২৬ খ্রি. পর্যন্ত।

৪। Sonali esheba এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- টাকা আগামী ১৫/১০/২০২৬ হতে ১৬/১১/২০২৬ খ্রি. (ব্যাংক সময় পর্যন্ত) <https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Application?eiin=116954> লিংকে ঢুকে জমা দিতে হবে।


৫। Online এ পূরণকৃত প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি এবং সোনালী ইসেবার মাধ্যমে ফি পরিশোধের পে-স্লিপ শিক্ষার্থীর নিকট জমা রাখতে হবে, কলেজে জমা দেয়ার প্রয়োজন নাই।

৬। ভর্তির আবেদন ফরম পূরণের যোগ্যতাঃ

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে উত্তীর্ণ ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তি কার্যক্রমের জন্য আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদি স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদি প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
(গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোনো প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এজন্য আবেদনকারী শিক্ষার্থীকে ভর্তির ফরম উত্তোলনের সময়ই অঙ্গীকার নামা অনলাইনে পূরণ করতে হবে।
(ঘ) একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করেন।
(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তান, আদিবাসি/ দৃষ্টি প্রতিবন্ধী কোটায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশিকা অনুযায়ী ভর্তির জন্য আবেদন করতে পারবে।
(চ) ভর্তির জন্য অনলাইন ফরমে কোন প্রকার মিথ্যা/ভুল তথ্য প্রমাণিত হলে শিক্ষার্থীর আবেদনটি বাতিল বলে বিবেচিত হবে।
(ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত ১১/১০/২০২৬ তারিখের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে।

৭। ক্লাস শুরুঃ ১০ ডিসেম্বর, ২০২৬ খ্রি. বৃহস্পতিবার স্ব-স্ব বিভাগে।




(প্রফেসর সাইফুল ইসলাম)
অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
২৮/১০/২৬
১৩/১০/২৬